

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-২
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.৩২.০৩৮.১১ - ৭৭৫

তারিখঃ ০১ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
সি, এ, ও/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তয় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ পরিকল্পনা বিভাগের অবসরপ্রাপ্ত প্রধান এস এম নাসিম উদ্দিন (০৭৬)-এর অনুকূলে পূর্ণ আনুতোষিক মঞ্জুরী প্রসংগে।

মহোদয়,

বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা অর্থ বিভাগের প্রাক্তন অর্থনৈতিক উপদেষ্টা (প্রধান) জনাব এস এম নাসিম উদ্দিন-কে পরিকল্পনা বিভাগের ০৮/০৯/২০১৫ তারিখের ২০.০০.০০০০.৩০৩.৩২.০৩৮.১১-৫২৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে গত ০১/০৮/২০১৫ তারিখ সরকারি চাকুরি হতে স্বেচ্ছা অবসর প্রদান করা হয়। তিনি পূর্ণ আনুতোষিক মঞ্জুরের জন্য আবেদন করেছেন। প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পরিবহন অধিশাখার না-দাবী অনুযায়ী তাঁর নিকট সুদমুক্ত গাড়ী ক্রয় অগ্রিম বাবদ=১১,৫১,৬৫৬/- (এগার লক্ষ একান্ন হাজার ছয়শত ছাপান্ন টাকা) টাকা কর্মকর্তার নিকট সরকারের পাওনা আছে


২। সুদমুক্ত গাড়ী ক্রয় অগ্রিম বাবদ=১১,৫১,৬৫৬/- (এগার লক্ষ একান্ন হাজার ছয়শত ছাপান্ন টাকা) টাকা কর্তনপূর্বক হিসাব নিরীক্ষা কার্যালয়ের প্রতিবেদন অনুযায়ী যে পরিমাণ পূর্ণ আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হবে, উহা অবসরপ্রাপ্ত প্রধান জনাব এস এম নাসিম উদ্দিন-এর অনুকূলে প্রদানের জন্য আদিষ্ট হয়ে এতদ্বারা মঞ্জুরী জ্ঞাপন করা হল। সে মর্মে নির্ধারিত পেনশন ফরমের ৬ষ্ঠ পৃষ্ঠার তৃতীয় অংশে কর্তৃপক্ষ স্বাক্ষর করেছেন।

৩। অতএব, বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা অর্থ বিভাগের প্রাক্তন অর্থনৈতিক উপদেষ্টা (প্রধান) জনাব এস এম নাসিম উদ্দিন-এর অনুকূলে বিধি মোতাবেক তাঁর প্রাপ্য পূর্ণ আনুতোষিক পরিশোধ আদেশ (পি.পি.ও) জারী করে পরিকল্পনা বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

সংযুক্তিঃ

- (১) পেনশন ফরম।
- (২) নমুনা স্বাক্ষর ও ছবি।
- (৩) অন্যান্য কাগজপত্র।



(মোহাঃ জেসমুন নাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৮০৫৪

তারিখঃ ০১ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং: ১৬... তারিখ: ২০/১১/১৭
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
সেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী সেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
কর্মকর্তা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। জনাব এস এম নাসিম উদ্দিন, প্রাক্তন অর্থনৈতিক উপদেষ্টা (প্রধান), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয় ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ৬। বাজেট অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৭। অফিস কপি/ব্যক্তিগত নথি।


(মোহাঃ জেসমুন নাসির)
সিনিয়র সহকারী সচিব